



অভিবাসী  
তথ্য  
কেন্দ্র

MIGRANT  
RESOURCE  
CENTRE

## বাংলাদেশে অভিবাসী কর্মীদের জন্য অভিযোগ নিষ্পত্তি পদ্ধতি

### বাংলাদেশি অভিবাসী কর্মীদের জন্য অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া:

অভিযোগ দাখিল, নিষ্পত্তি, ক্ষতিপূরণ আদায় ও ন্যায়বিচার নিশ্চিত করার বিভিন্ন উপায় আছে যা অভিবাসীদের অধিকার আদায়ে কাজ করে। অভিবাসনের সাথে জড়িত বিভিন্ন সরকারি সংস্থা তাদের নিজস্ব প্রক্রিয়া ব্যবহার করে অভিবাসীদের বিভিন্ন অভিযোগের নিষ্পত্তি করে থাকে। অভিযোগ গ্রহণ করা থেকে শুরু করে অভিযোগ নিষ্পত্তি করা পর্যন্ত সম্পূর্ণ প্রক্রিয়াটিকে অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া বলা হয়ে থাকে। একজন অভিবাসী কর্মী সরাসরি অথবা তার প্রতিনিধির মাধ্যমে অভিযোগ দায়ের করতে পারবেন।

### কে/কারা অভিযোগ দায়ের করতে পারেন?

- অভিবাসী কর্মী (বর্তমান বা প্রত্যাগত)
  - ভুক্তভোগীর অনুমোদিত প্রতিনিধি/পরিবারের সদস্য
- অভিযোগটি অনলাইনে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোতে অথবা অন্যান্য সংস্থার ক্ষেত্রে সরাসরি দাখিল করা যায়।

### কোথায় অভিযোগ জমা দিতে হবে?

১. শ্রম কল্যাণ শাখা (লেবার ওয়েলফেয়ার উইং), যদি অভিবাসী অন্য দেশে অবস্থান করেন
২. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো-তে (বিএমইটি)
৩. জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস-এ (ডিইএমও)
৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড-এ
৫. বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড-এ (বোয়েসেল)
৬. ফৌজদারি আদালতে
৭. অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস)-এ



### কিভাবে অভিযোগ দায়ের করতে হয় এবং মামলার অগ্রগতি/প্রক্রিয়া অনুসরণ করতে হবে?

#### ১. শ্রম কল্যাণ শাখা (লেবার ওয়েলফেয়ার উইং)

শ্রম কল্যাণ শাখা সাধারণভাবে নিম্নলিখিত কাজগুলো করে থাকে:

- নিয়োগকর্তা কর্তৃক বেতন, সুযোগ-সুবিধা, ন্যায্য অধিকার এবং বকেয়া বেতন আদায়ে অভিবাসী কর্মীদের সহায়তা;
- অভিবাসী কর্মীদের আর্থিক সহায়তা প্রদান এবং দেশে ফিরে যেতে সহায়তা প্রদান;
- নির্বাসন শিবির বা কারাগার থেকে বাংলাদেশি অভিবাসী কর্মীদের মুক্তি এবং তাদের দেশে ফেরত পাঠানোর ব্যবস্থা করা;
- অভিবাসী কর্মীদের মৃতদেহ দেশে পাঠানো ও বিদেশের মাটিতে দাফন ও সৎকারের ব্যবস্থা করা;
- মৃত অভিবাসী কর্মীদের ক্ষেত্রে, নিয়োগকর্তাদের কাছে থেকে বিমা, পাওনা ও ক্ষতিপূরণ আদায়ের ব্যবস্থা করা;
- অভিবাসী কর্মীদের পরিস্থিতি পর্যবেক্ষণ করার জন্য তাদের কাজের স্থান, বাসস্থান পরিদর্শন করা এবং নিয়োগকর্তা ও কর্মীদের মধ্যে যে কোন সমস্যা ও বিরোধ নিষ্পত্তির জন্য প্রয়োজনে নিয়োগকর্তাদের সাথে সাক্ষাৎ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- বাংলাদেশি অভিবাসী কর্মীদের কল্যাণে অন্যান্য পদক্ষেপসমূহ যেমন তাদের সুরক্ষা, অধিকার রক্ষা করা, তাদের অভিযোগ শোনা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা ইত্যাদি।

## অভিযোগ নিষ্পত্তির ধাপসমূহ:

- বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস বা শ্রম কল্যাণ উইং এ যোগাযোগ করুন।
- শ্রম কল্যাণ শাখায় যাওয়ার আগে ফোনে যোগাযোগ করতে পারেন এবং আপনার সমস্যা ফোনেও জানাতে পারেন।
- প্রাসঙ্গিক নথি/দলিল/কাগজপত্র যেমন চুক্তিনামা, পাসপোর্ট, ভিসা এবং প্রয়োজনীয় প্রমাণাদি সঙ্গে নিয়ে আসুন, যা আপনার সাথে হওয়া অন্যান্য প্রমাণ করতে পারে।
- শ্রম কল্যাণ শাখা-র কর্মকর্তারা আপনার অভিযোগ নিষ্পত্তির জন্য সর্বোত্তম পদক্ষেপ গ্রহণ করবেন এবং করণীয় বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

## ২. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)

সাধারণত, বিএমইটি, অভিবাসী কর্মীদের সাথে হওয়া প্রতারণা, চুক্তি লঙ্ঘন, চুক্তি রদ-বদল, বেতন অনিয়মিত বা না দেওয়া, কাজের সময় দীর্ঘ করা, অর্থ প্রদানের পর রিক্রুটিং এজেন্সি কর্মী বিদেশে না পাঠানো, নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা ইত্যাদি সম্পর্কিত অভিযোগ গ্রহণ করতে পারে। সরাসরি বা অনলাইন পদ্ধতির মাধ্যমে অভিযোগ দাখিল করা যায়।

### ধাপসমূহ:

#### ২. (ক) সরাসরি অভিযোগ দাখিল পদ্ধতি:

- অভিবাসী কর্মী বা পরিবারের সদস্যরা সরাসরি বিএমইটি-র কার্যালয়ে গিয়ে লিখিত দরখাস্তের মাধ্যমে অভিযোগ দিতে পারেন।
- অভিযোগ পাওয়ার পর বিএমইটি-র সালিশি সেল সালিশের মাধ্যমে সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকেন।
- বিএমইটি বিভিন্ন সময়ে গণ-শুনানির আয়োজন করে, যেখানে যে কোন অভিবাসী কর্মী, বিশেষ করে নারী অভিবাসী কর্মীরা সরাসরি বিএমইটি-তে তাদের অভিযোগ দাখিল করতে পারেন।

#### অভিযোগ দাখিলের জন্য প্রয়োজনীয় সহায়ক নথি/দলিল/কাগজপত্র:

১. আবেদন ফর্মের কপি/ সাদা পেপারে লিখিত দরখাস্ত
২. পাসপোর্টের কপি
৩. ভিসা/এনওসি/স্মার্ট কার্ডের কপি
৪. যে কোন নথি/প্রমাণ যা অভিযোগ প্রমাণ করতে পারে (যেমন: অর্থ প্রদানের রশিদ, চুক্তিনামা, ছবি ইত্যাদি)

#### ২. (খ) অনলাইন অভিযোগ দাখিল পদ্ধতি:

- <http://stage-ilopublic.dnet.org.bd/ComplaineForm-> এই লিঙ্কের মাধ্যমে অনলাইনে অভিযোগ দাখিল করতে হবে।
- যথাযথভাবে ফরম পূরণ করতে হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে (\*) চিহ্নের ঘরগুলো পূরণ করা বাধ্যতামূলক। প্রয়োজনীয় তথ্য যেমন নাম, ঠিকানা, মোবাইল বা ফোন নম্বর, পাসপোর্ট নম্বর এবং অভিযোগের ধরন পূরণ করতে হবে।
- অনলাইন ফরম পূরণ শেষে, অভিযোগ প্রমাণের জন্য প্রাসঙ্গিক
- নথি/দলিল/কাগজপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। ফাইলের আকার ১০ মেগাবাইটের (এমবি) কম হতে হবে (ফাইল অডিও, ভিডিও, অথবা কাগজের নথি)।
- ফরমটি পূরণ করা সম্পন্ন হয়ে গেলে সাবমিট করতে হবে। সাবমিট করার পর আপনি একটি ট্র্যাকিং নম্বর পাবেন। এই ট্র্যাকিং নম্বরটি সংরক্ষণ করতে হবে কারণ এই ট্র্যাকিং নম্বরটি ব্যবহার করে আপনি পরবর্তিতে আপনার অভিযোগের অগ্রগতি জানতে পারবেন।

আপনার অভিযোগের অগ্রগতি জানতে +৮৮০৪৯৩৪৯৯২৫ নম্বরে কল করুন অথবা নিচের ওয়েবসাইট এ ভিজিট করুন।



## ৩. জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)

বিএমইটি-র মত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি করার ক্ষমতা ডিইএমও-র আছে। সুতরাং আপনার নিকটস্থ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসেও আপনি অভিযোগ জানাতে পারবেন।

## ৪. ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড

সাধারণভাবে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড মৃত্যুজনিত ক্ষতিপূরণ, গন্তব্য দেশের বকেয়া বেতন/বিমা দাবি, অসুস্থ কর্মীদের আর্থিক সহায়তা, লাশ পরিবহন ও দাফনে সহায়তা, নিজের দেশের বিমার টাকা, অভিবাসী কর্মীদের সন্তানদের জন্য বৃত্তি সুবিধা, এবং নারী অভিবাসী কর্মীদের দেশে প্রত্যাবর্তন - ইত্যাদি বিষয়ে সহায়তা প্রদান করে থাকে এবং এই সংক্রান্ত অভিযোগসমূহ নিষ্পত্তি করে থাকে।

### ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডে অভিযোগ দাখিলের ধাপসমূহ:

- অভিযোগ/দাবি দাখিল করার সময়, কল্যাণ বোর্ড অথবা ডিইএমও-তে অভিযোগ জানাতে হবে। কখনো কখনো বোর্ড অথবা ডিইএমও অভিযোগের সত্যতা যাচাই করতে সরেজমিন অনুসন্ধান করে থাকে।
- [dd.welfare3@wewb.gov.bd](mailto:dd.welfare3@wewb.gov.bd) এবং [wewb16@gmail.com](mailto:wewb16@gmail.com) এই ই-মেইল ঠিকানায় কল্যাণ বোর্ডে ই-মেইলের মাধ্যমে অভিযোগ পাঠাতে পারেন।
- লিখিত অভিযোগ দাখিল করার সময়ে পাসপোর্ট এবং স্মার্ট কার্ডের কপি জমা দিতে হবে।

মৃত্যুজনিত ক্ষতিপূরণের জন্য প্রয়োজনীয় নথি/কাগজপত্র:

১. মৃত্যুর সনদপত্র (ডেথ সার্টিফিকেট)
২. চেয়ারম্যানের কাছে থেকে নাগরিকত্বের ঘোষণা
৩. ডিইএমও থেকে ছাড়পত্র
৪. ওয়ারিশান সার্টিফিকেট

অসুস্থতার জন্য আর্থিক সহায়তার ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র:

১. যদি কোন দুর্ঘটনা ঘটে, দুর্ঘটনার পর পরই তোলা একটি ছবি জমা দিতে হবে
  ২. চিকিৎসার জন্য অন্যান্য সংশ্লিষ্ট নথি/কাগজপত্র, যেমন: রেজিস্টার্ড ডাক্তারের প্রেসক্রিপশন
- তদন্ত প্রতিবেদন পাওয়ার পর কল্যাণ বোর্ড অভিযোগের নিষ্পত্তি করতে অগ্রসর হয়।
  - কল্যাণ বোর্ড-র অনলাইনে অভিযোগ দাখিল করার ব্যবস্থা রয়েছে: [www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

## ৫. বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

আপনি একটি মোবাইল ফোন ব্যবহার করে অভিযোগ দায়ের করতে Google Play Store থেকে BOESL অ্যাপ ডাউনলোড করতে পারেন। BOESL অ্যাপটি এখানে পাবেন: <https://play.google.com/store/apps/details?id=bd.org.boesl&hl=en>

## ৬. ফৌজদারি আদালত

উপরে উল্লিখিত প্রশাসনিক প্রক্রিয়া ছাড়াও আপনি সরাসরি “বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড মাইগ্রেন্ট অ্যাক্ট, ২০১৩”-এর অধীনে ১ম শ্রেণির জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত বা মেট্রোপলিটন এলাকায় ১ম শ্রেণির মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে “ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮”-এর অধীনে একটি মামলা দায়ের করতে পারেন। একজন আইনজীবী নিয়োগ করার পর, আপনি অথবা আপনার অনুমোদিত প্রতিনিধি (উকিলের ক্ষমতাসহ যদি আপনি বিদেশে থাকেন) আদালতে একটি অভিযোগ জমা দিতে পারেন। আপনার আইনজীবী আপনাকে নথি/কাগজপত্রের প্রয়োজনীয়তা, খরচ এবং বিভিন্ন পদক্ষেপ এবং পদ্ধতি সম্পর্কে উপদেশ দেবেন। যদি আদালত আপনার দাবিকে সত্য মনে করে, তাহলে আদালত প্রতিপক্ষ/অভিযুক্তের বিরুদ্ধে অভিযোগ গঠন করবে এবং বিচার বিভাগীয় আদালতের কার্যক্রম বজায় রাখবে যা চূড়ান্ত রায় দিয়ে শেষ হবে।

কিভাবে আপনার মামলা/অভিযোগ পর্যবেক্ষণ এবং অনুসরণ করবেন?

যে কোন মামলা/অভিযোগের অগ্রগতি বা সংশ্লিষ্ট তথ্য অনুসরণ করতে, আপনাকে ফোন বা ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। অথবা তথ্যটি সম্পর্কে বিশদ জানতে সংশ্লিষ্ট কার্যালয়ে যেতে পারেন।

## ৭. অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস)

বাংলাদেশ সরকারের কেন্দ্রীয় অভিযোগ প্রতিকার ব্যবস্থার অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে সরকারি দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিশ্রুত সেবা, সেবা প্রদান পদ্ধতি বা সেবা সম্পর্কে আপনার অসন্তোষ বা মতামত <http://grs.gov.bd/> - এই ওয়েবসাইটের মাধ্যমে জানাতে পারেন। অভিযোগ দাখিল করার পর এসএমএস (SMS) ও ই-মেইলের মাধ্যমে অভিযোগ প্রতিকারের সর্বশেষ অবস্থা সম্পর্কে জানানো হবে। এছাড়া লগইন করেও হালনাগাদ তথ্য জানা যাবে। তবে অজ্ঞাতনামা হিসাবে তথ্য দাখিল করলে অভিযোগ সম্পর্কে পরবর্তী কোনো তথ্য পাওয়া যাবে না। প্রয়োজনে ওয়েবসাইটে উল্লিখিত ‘ব্যবহারকারী নির্দেশিকা’ অনুসরণ করুন।

## অভিবাসন ও মানব পাচার

অভিবাসনে প্রতারণা ও মানব পাচার এক বিষয় নয়। মানব পাচারের জন্য সরাসরি থানাতে মামলা দায়ের করতে পারবেন।

অভিবাসী কর্মীদের অভিযোগ নিষ্পত্তি বিষয়ে  
জানতে আমাদের সাথে যোগাযোগ করুন

অভিবাসী  
তথ্য  
কেন্দ্র


MIGRANT  
RESOURCE  
CENTRE

ঢাকা : জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঢাকা  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্টারন্যাশনাল  
ঢাকা-১০০০, বাংলাদেশ  
মোবাইল : +৮৮ ০১৭৩০৬৬৯৩৬

কুমিল্লা : জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, কুমিল্লা  
২৫, চান্দলা হাউজ  
বাগিচাগাঁও  
কুমিল্লা-৩৫০০, বাংলাদেশ  
মোবাইল : +৮৮ ০১৭১৩০৮৬৩৩০

info@mrc-bangladesh.org  
www.mrc-bangladesh.org  
Migrant Resource Centre Bangladesh  
mrc\_bangladesh  
mrc\_bangladesh

সহযোগিতায়



বাহুবায়নে

